

সামাজিক সচলতা

SOCIAL MOBILITY

ব্যক্তি বা জনসমষ্টির সমাজের
স্তরবিন্যাসের একটি স্তর থেকে অন্য স্তরে
স্থান পরিবর্তনের প্রক্রিয়াকে বলা হয়
সামাজিক সচলতা বা SOCIAL MOBILITY /

DIFINITION

যে প্রক্রিয়ায় নিজের চেষ্টায় কোনও ব্যক্তি তার এবং তার দলের সামাজিক মর্যাদার পরিবর্তনে সক্ষম হয় সেই প্রক্রিয়াকে বলা হয় সামাজিক সচলতা ।

Bogardus- “Social Mobility is any change in social position.”

Henry Fairchild – “Social Mobility is the movement of persons from one social group to another social group.”

সামাজিক সচলতার ধরন (Types)

- অনুভূমিক সামাজিক সচলতা (Horizontal)
- উল্লম্ব সামাজিক সচলতা (Vertical)



- উর্ধ্বমুখী উল্লম্ব সামাজিক সচলতা (Upward)
- নিম্নমুখী উল্লম্ব সামাজিক সচলতা (Downward)

অনুভূমিক সামাজিক সচলতা (Horizontal)

যে সামাজিক সচলতায় সম-সামাজিক স্তরের মধ্যে পরিবর্তন ঘটে কিন্তু সামাজিক মর্যাদা একই থাকে তাকে অনুভূমিক সচলতা বলে।

যেমন- যেমন একজন প্রধান শিক্ষক এক স্কুল ছেড়ে অন্য স্কুলে চাকরি নিলেন এক্ষেত্রে শিক্ষকের অবস্থানগত পরিবর্তন ঘটল কিন্তু সামাজিক মর্যাদা একই থাকল।

উল্লম্ব সামাজিক সচলতা (Vertical)

যে সামাজিক সচলতায় সামাজিক স্তরবিন্যাসের সাথে সাথে সামাজিক মর্যাদার হ্রাস-বৃদ্ধি ঘটে তাকে উল্লম্ব সামাজিক সচলতা বলে।

এটা দুভাবে হতে পারে-

ঊর্ধ্বমুখী ঊলম্ব সামাজিক সচলতা (Upward)

যে সামাজিক সচলতায় সামাজিক স্তরবিন্যাসের পরিবর্তনের সাথে সাথে সামাজিক মর্যাদার বৃদ্ধি ঘটে তাকে ঊর্ধ্বমুখী ঊলম্ব সামাজিক সচলতা বলে ।

যেমন- একজন ক্ষেত মজুরের ছেলে যদি শিক্ষক হয় তাহলে তার সামাজিক স্তরবিন্যাসের পরিবর্তনের সাথে সাথে তার সামাজিক মর্যাদারও বৃদ্ধি ঘটে ।

নিম্নমুখী উলম্ব সামাজিক সচলতা (Downward)

যে সামাজিক সচলতায় সামাজিক স্তরবিন্যাসের সাথে সাথে সামাজিক মর্যাদার হ্রাস ঘটে তাকে নিম্নমুখী উলম্ব সামাজিক সচলতা বলে ।

যেমন- একজন শিক্ষকের ছেলে যদি কেরানীর কাজ করে। তাহলে তার সামাজিক স্তরবিন্যাসের পরিবর্তনের সাথে সাথে তার সামাজিক মর্যাদারও হ্রাস ঘটে ।